ই - সংবাদ

ভারতচন্দ্রনগরে আন্তঃবিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত

বিলোনীয়া, ০৪ সেপ্টেম্বর ।। ব্যাপক উৎসাহ ও উদ্দীপনায় ভারতচন্দ্রনগর ব্লক ভিত্তিক রবীন্দ্র, নজরুল ও সুকান্ত জন্ম জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আন্তঃবিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতা সম্প্রতি উত্তর ভারতচন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতের মোহনা কমিউনিটি হলে অনুষ্ঠিত হয় । এই প্রতিযোগিতার উদ্বোধন করে বিধায়ক বাসুদেব মজুমদার বলেন, সংস্কৃতি চর্চা ও খেলাধূলাকে বাদ দিয়ে গুণগত শিক্ষা পূর্ণতা পায়না । পড়াশোনার পাশাপাশি ছেলেমেয়েদের মধ্যে লোক সংস্কৃতি চর্চা ও প্রসারে শিক্ষক ও অভিভাবকদের আরও বেশী যত্নবান হতে তিনি আহ্বান জানান। এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, ভারতচন্দ্রনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নির্মল ভৌমিক, উত্তর ভারতচন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান পদরায় ত্রিপুরা প্রমুখ উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে ব্লক এলাকার ২৮টি বিদ্যালয়ের ২৯৩ জন শিল্পী এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে ।

বি এ ডি পি তে পরিকাঠামো উন্নয়ন

বিলোনীয়া, ০৪ সেপ্টেম্বর ।। সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে বিলোনীয়া মহকুমার ভারতচন্দ্রনগর ব্লকের বিভিন্ন এলাকায় উন্নয়ন কাজ রূপায়িত হচ্ছে । এই কর্মসূচিতে গত অর্থ বছরে ৬ কক্ষ বিশিষ্ট বাজার শেড তৈরী করা হচ্ছে মেলাতি রিয়াং পাড়া, চিত্তামারা ও উত্তর কলাবাড়িয়া বাজারে। এছাড়া, বনকর বাজারে পানীয় জলের জলাধার, বিলোনীয়াছড়াতে ৮৫০ মিঃ দৈর্ঘ্যের সেচ সহায়ক পাকা নালা, পূর্ব কলাবাড়িয়াতে কমিউনিটি হল, দক্ষিণ কালনঢেপা এস বি স্কুলে ৩ কক্ষ বিশিষ্ট পাকা বাড়ি, উত্তর ভারতচন্দ্রনগরে মিনি ইন্ডোর স্পোর্টস কমপ্লেক্স এবং উত্তর বিলোনীয়া স্কুল মাঠে গ্যালারীর কাজ চলছে । এছাড়া, যুবক-যুবতীদের দক্ষতা বিকাশের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণেরও উদ্যোগ নেওয়া হয়েছে ।

দেওয়ানবাড়ীতে সাংস্কৃতিক কর্মশালা সমাপ্ত

উদয়পুর, ০৪ সেপ্টেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে দেওয়ানবাড়ি এ ডি সি ভিলেজে আয়োজিত ১০ দিন ব্যাপী সাংস্কৃতিক কর্মশালা সম্প্রতি শেষ হয়েছে । সমাপ্তি অনুষ্ঠানে প্রশিক্ষণপ্রাপ্ত শতাধিক ছাত্র-ছাত্রী সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে । অনুষ্ঠানে এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন ।

পানিসাগরে সাবট্রেজারি অফিসের উদ্বোধন

পানিসাগর, ০৪ সেপ্টেম্বর ।। এক অনুষ্ঠানের মধ্য দিয়ে সম্প্রতি পানিসাগর মহকুমা সাব ট্রেজারি কার্যালয় এবং মহকুমা শাসকের কোর্ট এজলাসের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিধায়ক সুবোধ দাস। পানিসাগর পঞ্চায়েত সমিতির সভাগৃহে আয়োজিত অনুষ্ঠানে উত্তর ত্রিপুরার জেলা শাসক, পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন নীহারকান্তি দাস, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্যা মীনা নাথ চৌধুরী, পানিসাগর পঞ্চায়েত সমিতি ও নগর পঞ্চায়েতের সদস্যগণ উপস্থিত ছিলেন।অনুষ্ঠানে উদ্বোধক এবং অতিথিগণ আলোচনা করেন। অনুষ্ঠানের সভাপতি পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীতল দাসও অনুষ্ঠানে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা শাসক সুভাশিস ভট্টাচার্য।

পশ্চিম টাক্কা তুলসী ভিলেজে রেগায় নানা কাজ

সাব্রুম, ০৪ সেপ্টেম্বর ।। পোয়াংবাড়ি ব্লকের উদ্যোগে গত অর্থ বছরে পশ্চিম টাক্কাতুলসী এডিসি ভিলেজে এম জি এন রেগায় নানা উন্নয়ন মূলক কাজ বাস্তবায়নে ব্যয় হয়েছে ৬২ লক্ষ ২৪ হাজার ৪৪২ টাকা। শ্রমদিবস সৃষ্টি হয়েছে ৩২ হাজার ৬০৯টি। এর মধ্যে ১৪ জন কৃষকের জমি চাষযোগ্য করে তোলা হয়। ৩৯৩টি পরিবারকে কেঁচো সার তৈরীতে সহায়তা, ১৭টি জল নিকাশি নালা, মৎস্য চাষের সুবিধার্থে ৬টি পরিবারকে পুকুর খনন করে দেওয়া হয়েছে। ৩০টি পরিবারের রাবার বাগান, পরিচর্ষা করে দেওয়া হয়। সংশ্লিষ্ট ভিলেজ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

জম্পুইজলায় সুকান্ত জয়ন্তী পালিত

জম্পুইজলা, ০৪ সেপ্টেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সম্প্রতি জম্পুইজলায় মহকুমা ভিত্তিক সুকান্ত জন্মজয়ন্তী পালন করা হয়। অনুষ্ঠানে শ্রী গৌরাঙ্গ বিদ্যামন্দির উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক তপন দেববর্মা, কেন্দ্রাইছড়া লোক রঞ্জন শাখার সম্পাদক শচীন কলই সহ বিশিষ্ট জনেরা কবি সুকান্তের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক। অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীসহ স্থানীয় শিল্পীরা সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন। উল্লেখ্য, অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ কবি সুকান্তের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান।

কাকড়াবনে স্বাস্থ্য শিবিরের কর্মসূচি

উদয়পুর, ০৪ সেপ্টেম্বর ।। কাকড়াবন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে চলতি মাসে কাকড়াবন ব্লক এলাকার ৫টি স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । কর্মসূচি অনুযায়ী ৮ সেপ্টেম্বর স্বাস্থ্য শিবির হবে হদ্রা পলিপাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ১২ সেপ্টেম্বর তুলামারা পশ্চিম পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ২২ সেপ্টেম্বর মির্জা উপেন্দ্রনগর অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ২৫ সেপ্টেম্বর রাণীকার্যমণি অঙ্গনওয়াড়ী কেন্দ্রে এবং ২৬ সেপ্টেম্বর জুমিয়াটিলা অঙ্গনওয়াড়ী কেন্দ্রে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । শিবিরগুলিতে জনগণের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হবে । সংশ্লিষ্ট এলাকার জনগণকে এই স্বাস্থ্য শিবিরগুলির সুযোগ গ্রহণ করার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে ।

ধলাই জেলায় জুলাই মাস পর্যন্ত ২৯৫০টি স্বাস্থ্য শিবির

আমবাসা, ০১ সেপ্টেম্বর ।। ধলাই জেলা শাসক কার্যালয়ের উদ্যোগে গতকাল ম্যালেরিয়া নির্মূলিকরণ কমিটির বৈঠক অনুষ্ঠিত হয় । জেলা শাসক কার্যালয়ের মিলনায়তনে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন জেলা শাসক বিকাশ সিং। বৈঠকে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডঃ সরবিন্দ রিয়াং, মহকুমা শাসকগণ, বিভিন্ন দপ্তর, টি এস আর, সি আর পি এফ-এর পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন ।

সভায় জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক জানান, এ বছর জানুয়ারী মাস থেকে জুলাই মাস পর্যন্ত জেলায় ২৯৫০টি স্বাস্থ্য শিবির করা হয়েছে । শিবিরগুলিতে ৫৮ হাজার ৭৭ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামুল্যে ঔষধ দেওয়া হয়েছে । এরমধ্যে ডায়েরিয়া রোগী ৩৬২৩ জন, জ্বরের ১১ হাজার ১৭১ জন । ম্যালেরিয়ার জীবাণু পাওয়া গেছে ৬৬৩ জনের রক্তে । তাদের উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে । জেলার বিভিন্ন গ্রামে ১০ জুলাই থেকে দ্বিতীয় পর্যায়ে ডি ডি টি ছড়ানোর কাজ শুরু হয়েছে। আগামী ২২ সেপ্টেম্বর পর্যন্ত এই কর্মসূচি অব্যাহত থাকবে।

রাজ্যে যুদ্ধ বিরোধী মিছিল সংগঠিত

আগরতলা, ০১ সেপ্টেম্বর ।। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, শান্তির পক্ষে সারা রাজ্যে আজ পথ হাঁটলেন হাজার হাজার শান্তি প্রিয় মানুষ । যুদ্ধের বিরুদ্ধে সংগীত, আবৃত্তি, শ্লোগান-এ বিভিন্ন পেশার মানুষ মুখর করে তুলেছিল প্রতিটি রাজপথ । হাতে হাতে ছিল ভ্যানার, প্ল্যাকার্ড, ফ্যাস্টুন । মুখে মুখে ধ্বনিত হয়েছে যুদ্ধ নয়, শান্তি চাই, মৃত্যু নয়, জীবন চাই শ্লোগান।

যুদ্ধ বিরোধী মঞ্চের উদ্যোগে রাজ্যের মূল মিছিলটি সংগঠিত হয় আগরতলার বিবেকানন্দ ময়দান থেকে । ছাত্র -যুবক -বৃদ্ধ, শ্রমিক -শিক্ষক -কর্মচারী, আইনজীবী, চিকিৎসক, শিল্পী - সাহিত্যিক সহ সকল পেশার হাজার হাজার নারী - পুরুষ এই মিছিলে পা মিলিয়েছেন । মিছিলের পুরোভাগে ছিলেন মুখ্যমন্ত্রী মানিক সরকার, স্বাস্থ্যমন্ত্রী বাদল চৌধুরী সহ মন্ত্রিসভার সদস্যগণ । বেলা ২টা নাগাদ বিবেকানন্দ ময়দান থেকে মিছিল শুরু হয়। স্বাস্থ্য মন্ত্রী বাদল চৌধুরী সাদা পায়রা উড়িয়ে দিয়ে মিছিলের সূচনা করেন। একই সাথে শান্তির প্রতীক খচিত রঙ-বেরঙের বেলুন উড়িয়ে দেন মন্ত্রিসভার সদস্যগণ । মন্ত্রিসভার সদস্য তপন চক্রবর্তী, খগেন্দ্র জমাতিয়া, সহিদ চৌধুরী, রতন ভৌমিক, বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর, সাংসদ জীতেন্দ্র চৌধুরী, সাংসদ শঙ্কর প্রসাদ দত্ত, সাংসদ ঝর্ণা দাস, আগরতলা পুর নিগমের মেয়র ড. প্রফুল্লজিৎ সিনহা, সমাজসেবী বিজন ধর, বিশিষ্ট সাংবাদিক গৌতম দাশ, অধ্যাপক মিহির দেব প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । যুদ্ধ বিরোধী এই মিছিল বিবেকানন্দ ময়দান থেকে বের হয়ে বোধজং চৌমুহনী, মহিলা মহাবিদ্যালয়, জেকশনগেইট, কামান চৌমুহনী, পোষ্ট অফিস চৌমুহনী হয়ে প্যারাডাইস চৌমুহনীতে এসে শেষ হয়। এদিকে, আমবাসা মহকুমাতেও যুদ্ধ বিরোধী মঞ্চের আহ্বানে বর্ণাঢ্য শোভাযাত্রা এবং আলোচনাসভা অনুষ্ঠিত হয় । বিকেলে আমবাসা মোটরস্ট্যান্ড থেকে যুদ্ধ বিরোধী মিছিল শুরু হয়ে মহকুমার বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় মোটরস্ট্যান্ডে এসে শেষ হয় । যুদ্ধ নয়, শান্তি চাই এই শ্লোগানে ছাত্র-যুবক, শিক্ষক -কর্মচারী, শিল্পী সাহিত্যিক সহ বিভিন্ন পেশার মানুষ মিছিলে অংশ নেন । এই উপলক্ষে মোটরস্ট্যান্ডে এক যুদ্ধবিরোধী সভাও অনুষ্ঠিত হয় । বিধায়ক ললিত কুমার দেববর্মা, ধলাই পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ অমলেশ ভট্টাচার্য, পানীয় জল ও স্বাস্থ্য বিধান কার্যালয়ের এস ই পি কে পুরকায়স্থের সভাপতিত্বে এই সভায় জেলা পরিষদের প্রাক্তন সভাপতি পঙ্কজ চক্রবর্তী এই দিবস পালনের তাৎপর্য ব্যাখ্যা করে আলোচনা করেন ।

তেলিয়ামুড়া মহকুমায় যুদ্ধ বিরোধী মিছিল সংগঠিত হয় । তেলিয়ামুড়া নেতাজী নগরস্থিত মোটরষ্ট্যান্ড থেকে মিছিল বের হয়।বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক -কর্মচারী, শিল্পী সাহিত্যিক সহ সকল পেশার নারী-পুরুষ এই মিছিলে অংশ নেন । বিভিন্ন পথ পরিক্রমা করে মিছিল এসে শেষ হয় চিত্রাঙ্গদা কলা কেন্দ্রে । সেখানে এক সভায় বিধায়ক মণীন্দ্র চন্দ্র দাস এই কর্মসূচী পালনের প্রয়োজনীয়তা উল্লেখ করে আলোচনা করেন । পুর পরিষদের চেয়ারপার্সন সজল দে সভাপতিত্ব করেন । বিলোনীয়াতে যুদ্ধ বিরোধী মিছিল শুরু হয় বিদ্যাপীঠ দ্বাদশ শ্রেণী বিদ্যালয় থেকে । বিধানসভার মুখ্য সচেতক বাসুদেব মজুমদার, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, বিলোনীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন শুভ্রা মিত্র মিছিলের পুরো ভাগে ছিলেন । ছাত্র, শিক্ষক, কর্মচারী বিভিন্ন পেশার মানুষ এতে অংশ নেন । শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে মিছিল এসে শেষ হয় থানা চৌমুহনীতে । জিরানীয়া মহকুমায়ও যুদ্ধ বিরোধী মিছিল সংগঠিত হয় । জিরানীয়া বিদ্যালয় পরিদর্শক কার্যালয় প্রাঙ্গণ থেকে মিছিল শুরু হয়ে নগর এলাকার প্রধান প্রধান রাস্তা পরিক্রমা করে কলেজ চৌমুহনীর অগ্নিবীণা হল প্রাঙ্গণে এসে শেষ হয়। মিছিলের অগ্রভাগে ছিলেন বিদ্যুৎ মন্ত্রী মানিক দে। মিছিলে জনপ্রতিনিধিগণ, ছাত্র, শিক্ষক, কর্মচারী সব অংশের মানুষ সামিল হন ।

স্কুল ক্রীড়া ঃ এথলেটিক্সের ক্রীড়া সূচীর পরিবর্তন

আগরতলা, ১ সেপ্টেম্বর ।। অনুর্দ্ধ ১৪,১৭ ও ১৯ বছর জেলা ও রাজ্য ভিত্তিক স্কুল ক্রীড়ার এথলেটিক্স (বালক ও বালিকা)এর ক্রীড়াসূচী পরিবর্তিত হয়েছে। ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের সাধারণ সম্পাদক জানিয়েছেন, জেলা ভিত্তিক এই প্রতিযোগিতা ৫ ও ৬ সেপ্টেম্বরের পরিবর্তে ২০ ও ২১ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে । রিপোর্টিং এর তারিখ ২০ সেপ্টেম্বর, ২০১৭ । রাজ্য ভিত্তিক এই প্রতিযোগিতা ৬-৮ সেপ্টেম্বরের পরিবর্তে আগামী ২২ - ২৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে । রিপোর্টিং-এর তারিখ ২২ সেপ্টেম্বর, ২০১৭। অনুর্দ্ধ ১৭ ফুটবল (বালক) প্রতিযোগিতার ক্রীড়াসূচী অপরিবর্তিত রয়েছে ।

দক্ষিণ জেলায় ১৩৪ হেক্টরে অর্থকরি ফলের বাগান

বিলোনীয়া, ৩১ আগষ্ট ।। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের দারিদ্র দূরীকরণ স্থায়ী কমিটির সভা গতকাল জিলা পরিষদের সভা গৃহে অনুষ্ঠিত হয় । সভায় স্থায়ী কমিটির সভাপতি সুরেশ ভীল সহ কমিটির সদস্যগণ ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । গ্রামোন্নয়ন দপ্তরের আধিকারিক সভায় জানান, সাড়াসীমা নলেজ রিসোর্স সেন্টারের কাজ এগিয়ে চলছে । গ্রামোন্নয়ন দপ্তর থেকে আরও জানানো হয়, জল সেচের জন্য দক্ষিণ জেলায় ২৬০টি মিনি ডিপটিউবওয়েল বসানো হবে। এর মধ্যে ১৯৩টির কাজ শেষ হয়েছে । বাকীগুলির কাজ চলছে। এছাড়া, কলাছড়াতে শ্রমিক রেষ্ট হাউস নির্মাণ করা হবে । অন্যদিকে যাতায়াতের সুবিধার্থে কালীবাজার এস সি কলোনীতে দপ্তরের উদ্যোগে ২.৫ কিমি: ইট বিছানো রাস্তা তৈরী করা হবে । মৎস্য দপ্তর থেকে সভায় জানানো হয়, জেলার ৭টি ব্লকে মৎস্য সমবায় সমিতি ও স্ব সহায়ক দলগুলিকে বিনামূল্যে ২০টি বেড় জাল দেওয়া হবে । এছাড়া, ৫০টি মৎস্যজীবী পরিবারকে বিনামূল্যে কনি জাল দেওয়া হবে । বন দপ্তর থেকে সভায় জানানো হয়, রেগা কর্মসূচীতে জেলায় ৪কোটি ৭৬ লক্ষ টাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলছে । উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তর থেকে সভায় জানানো হয়, জেলায় চলতি অর্থবর্ষে ১৩৪ হেক্টরে বিভিন্ন জাতের অর্থকরি ফলের বাগান তৈরী করা হবে ।

ঋষ্যমুখে হেপাটাইটিস টিকা কর্মসূচি

বিলোনীয়া, ১ সেপ্টেম্বর ।। ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতি, স্বাস্থ্য দপ্তর এবং হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার যৌথ উদ্যোগে ঋষ্যমুখ ব্লককে হেপাটাইটিস-বি মুক্ত করে তোলার লক্ষ্যে গত ৩০ আগষ্ট ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতির মিলনায়তনে এক সভা অনুষ্ঠিত হয় । পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান আশীষ দত্তের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় অন্যান্যদের মধ্যে বিভিন্ন পঞ্চায়েতের প্রধান, দক্ষিণ ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: জগদীশ নম:, বিশিষ্ট সমাজসেবী তাপস দত্ত, ব্লকের বি ডি ও সুভাষ আচার্য সহ বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । সভায় গৃহীত সিদ্ধান্তনুযায়ী, আগামী ১৫ অক্টোবর প্রথম ডোজ, ১২ নভেম্বর দ্বিতীয় ডোজ এবং ২০১৮ সালের ১১ মার্চ তৃতীয় ডোজ টিকা দেওয়া হবে । এই কর্মসূচিকে সার্বিকভাবে সফল করে তোলার লক্ষ্যে পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান আশীষ দত্তকে চেয়ারম্যান এবং বি ডি ও সুভাষ আচার্যকে আহ্বায়ক করে ৭০ সদস্য বিশিষ্ট প্রস্তুতি কমিটি গঠন করা হয় ।

রাউথখলা পঞ্চায়েতে নানা উন্নয়ন কাজ

বিশালগড়, ১ সেপ্টেম্বর ।। বিশালগড় ব্লকের রাউথখলা গ্রাম পঞ্চায়েতে এম জি এন রেগা সহ বিভিন্ন প্রকল্পে স্থায়ী সম্পদ গড়ে তোলা হয়েছে । এই কর্মসূচিতে মৎস্য চাষ সম্প্রসারণের লক্ষ্যে এম জি এন রেগায় ১২টি পুকুর খনন, ৪টি সেচনালা সংস্কার ও ৭৫টি জমি সমতলকরণ করা হয়। এতে মোট ৬৪ লক্ষ ৪ হাজার টাকা ব্যয় হয় । এই কাজগুলি বাস্তবায়নে ৪৩ হাজার ৮৫১ শ্রমদিবস সৃষ্টি হয় । এছাড়া, পি ডি এফের মাধ্যমে ৩টি অঙ্গনওয়াড়ী কেন্দ্র ও ৬টি রাস্তা সংস্কার এবং সিজনাল বাঁধ করা হয় ৫টি। বিকল্প আয়ের জন্য ৭ জনকে ৭টি সেলাই মেশিন ও ২৩ জনকে ছাগল পালনে সহায়তা করা হয় । পাশাপাশি চতুর্দশ অর্থ কমিশনের প্রদত্ত অর্থে ২৫টি বিদ্যুতের খুঁটি বসানো ছাড়াও রাস্তার পাশে লাইট লাগানো হয় । এদিকে, ৭টি ইট সলিং রাস্তা নির্মাণ এবং ১৩টি টিউবওয়েল বসানো হয়।

চেলাগাং-এ স্বাস্থ্য শিবিরের কর্মসূচী

উদয়পুর, ১ সেপ্টেম্বর ।। চেলাগাং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে চলতি মাসে ৫টি স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । কর্মসূচী অনুযায়ী ৪ সেপ্টেম্বর শিবির হবে খুনিয়াতে । ৮ সেপ্টেম্বর বার্মাটিলা, ১৩ সেপ্টেম্বর চাই পাড়ায়, ১৮ সেপ্টেম্বর ইস্কুল টিলা এবং ২৫ সেপ্টেম্বর শিবির হবে সরকিতে । সংশ্লিষ্ট এলাকার জনগণকে শিবিরগুলিতে চিকিৎসার সুযোগ গ্রহণ করার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে ।

আনন্দনগর এলাকায় স্বাস্থ্য ও পুষ্টি দিবসের কর্মসূচী

আগরতলা, ১ সেপ্টেম্বর ।। আনন্দনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে চলতি মাসে ৩৯টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস পালিত হবে । এই দিবসে রোগীদের চিকিৎসা করে অষুধ দেওয়া হবে এবং গ্রামীণ মহিলাদের পুষ্টি বিষয়ে সচেতন করা হবে। কর্মসূচী অনুযায়ী ৪ সেপ্টেম্বর সূর্যসেন কলোনী, পশ্চিম ডুকলী, উড়িয়া পাড়া ও ভবানী পাড়ায়, ৫ সেপ্টেম্বর দাস পাড়া, ১০নং পাড়া, হরিশচন্দ্র পাড়া, মুসলিম পাড়া ও কালীদাস পাড়া, ৭ সেপ্টেম্বর দত্তটিলা, উড়িয়া পাড়া, দত্তপল্লী, দাস পাড়া ও রবি সর্দার পাড়ায়, ৯ সেপ্টেম্বর দাস পাড়া, পূর্ব শ্যামা প্রসাদ কলোনী, দশমী ঘাট, পূর্ব ডুকলী, কাঁঠালতলী ও বাগান বাড়িতে, ১১ সেপ্টেম্বর ভারত সর্দার পাড়া, দুখিয়া কোবরা পাড়া ও রবীন্দ্রনগরে, ১২ সেপ্টেম্বর দক্ষিণ কান্তারজলা, লুঙ্গাপাড়া ও পদ্মামোহনপাড়াতে, ১৩ সেপ্টেম্বর দুন্দ্রাইপাড়া, সবরপাড়া ও ৭ নং পাড়ায়, ১৪ সেপ্টেম্বর ৩নং পাড়া, ১৫ সেপ্টেম্বর ৮নং পাড়া ও সুভাষনগরে, ১৬ সেপ্টেম্বর ৪নং পাড়া, আর এস কলোনী, শিশুতীর্থ ও ক্ষুদিরাম কলোনীতে, ২১ সেপ্টেম্বর কাঠিয়াবাবা পাড়া ও রামচন্দ্র পাড়ায় এবং ২৩ সেপ্টেম্বর আর এম এস পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস পালিত হবে । আনন্দনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পক্ষ থেকে এই দিবসের সুযোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়েছে ।

জিরানীয়ায় স্বাস্থ্য ও পুষ্টি দিবস

উদয়পুর, ১ সেপ্টেম্বর ।। জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে স্বাস্থ্য ও পুষ্টি দিবসের কর্মসূচী অনুযায়ী আগামী ৪-৭ সেপ্টেম্বর মহকুমার ১২টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রে স্বাস্থ্য ও পুষ্টি দিবস পালিত হবে । কর্মসূচী অনুযায়ী ৪ সেপ্টেম্বর স্বাস্থ্য শিবির হবে বর্ধমান ঠাকুর পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে । ৫ সেপ্টেম্বর স্বাস্থ্য শিবির হবে পূর্ব বড়জলার নগ্রাইবাড়ী, শচীন্দ্র নগর কলোনীর ঝুলনটিলা অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। ৬ সেপ্টেম্বর স্বাস্থ্য শিবির হবে বর্ধমান ঠাকুর পাড়ার বেলাপুর এবং উত্তর মোহনপুর অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। ৭ সেপ্টেম্বর স্বাস্থ্য শিবির হবে বড়জলা বীনাপানির দীননাথচন্দ্র পাড়া, মজলিশপুরের রাণীরগাঁও, পশ্চিম নোয়াগাঁওয়ের লালটিলা, রাধামোহনপুর ভিলেজের বীরচন্দ্রঠাকুর পাড়া, উত্তর জয়নগর ভিলেজের নন্দরামচন্দ্র পাড়া, বিশ্রামবাড়ী ভিলেজের গৌরদাস পাড়া এবং পশ্চিম বড়জলার আইস্যাবাড়ী লালটিলা অঙ্গনওয়াড়ী কেন্দ্রে । জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র থেকে এ সংবাদ জানানো হয়েছে ।

জিরানীয়া মহকুমা ভিত্তিক অ্যাথলেটিক্স প্রতিযোগিতা অনুষ্ঠিত

জিরানীয়া, ০১ সেপ্টেম্বর ।। জিরানীয়া মহকুমা ভিত্তিক অনুর্দ্ধ ১৪, ১৭ ও ১৯ বছর বয়সী বালক বালিকাদের মধ্যে অ্যাথলেটিক্স প্রতিযোগিতা গত ৩০ আগষ্ট পুরাতন আগরতলা ব্লকের পশ্চিম নোয়াবাদী পঞ্চায়েতের আমতলী স্কুল মাঠে অনুষ্ঠিত হয় । যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতার উদ্বোধন করেন রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর । উদ্বোধকের ভাষণে তিনি বলেন, ছাত্র-ছাত্রীদের পড়াশোনার পাশাপাশি খেলাধূলায়ও আগ্রহী করে তুলতে হবে । তিনি আরও বলেন, রাজ্যের আনাচে কানাচে বহু প্রতিভা লুকিয়ে রয়েছে । তাদের খুঁজে বের করে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সবিতা দাস, পশ্চিম নোয়াবাদী পঞ্চায়েতের প্রধান কোহিনূর বেগম ও উপ-প্রধান অধীর দত্ত সহ এলাকার বিশিষ্ট জনেরা। প্রতিযোগিতার বিভিন্ন বিভাগে মহকুমার ৪টি ব্লক থেকে ৭০ জন খেলোয়াড় অংশ গ্রহণ করে ।

খোয়াইয়ে স্বেচ্ছায় রক্ত দিলেন ২১ জন

খোয়াই, ০১ সেপ্টেম্বর ।। রক্তদান জীবনদান - এই আহ্বানকে সামনে রেখে গতকাল খোয়াই মহকুমার পশ্চিম অঞ্চল ভারতের যুব ফেডারেশনের উদ্যোগে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয় । শিবিরে ২১ জন যুবক-যুবতী স্বেচ্ছায় রক্তদান করেন । খোয়াই জেলা হাসপাতালের সুপার ডাঃ ধনঞ্জয় রিয়াং এ তথ্য জানান ।

শারদোৎসব ঃ মোহনপুরে বৈঠক

মোহনপুর, ০১ সেপ্টেম্বর ।। আসন্ন শারদ উৎসব সুন্দর ও শান্তিপূর্ণভাবে অতিবাহিত করার লক্ষ্যে গত ৩০ আগষ্ট মোহনপুর পঞ্চায়েত সমিতি হলে এক সভা অনুষ্ঠিত হয় । মোহনপুর মহকুমা শাসক শুভাশিস দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যদের মধ্যে অতিরিক্ত মহকুমা শাসক জয়ন্ত ভট্টাচার্য, মোহনপুর, হেজামারা, বামুটিয়া ব্লকের বি ডি ও গণ, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সহ মহকুমা এলাকার বিভিন্ন ক্লাব ও সামাজিক প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন । সভায় মহকুমা শাসক আলোচনায় অংশ নিয়ে জানান, পূজা উদ্যোক্তাদের সংশ্লিষ্ট থানা থেকে পূজার জন্য আগাম অনুমতি নিতে হবে । রাস্তায় গাড়ী থামিয়ে এবং সরকারী অফিস থেকে চাঁদা আদায় করা যাবে না। তিনি পূজা উদ্যোক্তাদের সংশ্লিষ্ট এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখা, প্রত্যেকটি পূজা মন্ডপ নিরাপদ রাখা ইত্যাদি আইনী নির্দেশাবলী মেনে চলার পরামর্শ দেন । তিনি পূজা উদ্যোক্তাদের বিভিন্ন সামাজিক আবেদন, ডিজাস্টার ম্যানেজমেন্ট, স্বচ্ছতা রক্ষার বিষয়গুলি যা সমাজের মঙ্গলে আসে সেই দিকগুলি মানুষের কাছে প্রচারে নিয়ে যাওয়ার উপর গুরুত্বারোপ করেন । সভায় মহকুমা পুলিশ আধিকারিক সুমন মজুমদার শারদোৎসবে সমস্ত রকম আইন শৃঙ্খলার নির্দেশাবলী মেনে চলার জন্য পূজা আয়োজকদের প্রতি আহ্বান জানান।

ধর্মনগর পুর পরিষদ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব ৪ সেপ্টেম্বর

ধর্মনগর, ০১ সেপ্টেম্বর ।। ধর্মনগর পুর পরিষদ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব আগামী ৪ সেপ্টেম্বর বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হবে । ঐদিন বিকাল ৩টায় এই উৎসবের উদ্বোধন করবেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি প্রতিমা দাস । এ উপলক্ষ্যে গতকাল উত্তর জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে প্রস্তুতি কমিটির সভা অনুষ্ঠিত হয়। পুর পরিষদের সংস্কৃতি ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি উমা মিত্রের সভাপতিত্বে আয়োজিত সভায় পুর পরিষদের সদস্যা শান্তনা ভট্টাচার্য, সাবিত্রী রায় ও মঞ্জু নাথ, ত্রিপুরা সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের বিভাগীয় কমিটির সম্পাদক কানাইলাল দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন । অনুষ্ঠান সার্বিকভাবে সফল করে তোলার জন্য সভা থেকে বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে ।

দক্ষিণ ত্রিপুরা জেলায় অসংক্রামক রোগ নির্ণয় অভিযান ৪ সেপ্টেম্বর থেকে

বিলোনীয়া, ১ সেপ্টেম্বর ।। দক্ষিণ ত্রিপুরা জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে অসংক্রামক রোগ নির্ণয় অভিযান কর্মসূচি আগামী ৪ সেপ্টেম্বর থেকে শুরু হবে । এই কর্মসূচিতে দক্ষিণ ত্রিপুরা জেলায় রোগীদের বাড়ি বাড়ি গিয়ে বিনামূল্যে অসংক্রামক রোগ নির্ণয়ে নানা পরীক্ষা করা হবে । এতে জেলার প্রায় আড়াই লক্ষ লোক এই কর্মসূচির আওতায় আসবে বলে মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জগদীশ নমঃ জানান । ৪ সেপ্টেম্বর বিলোনীয়া মহকুমা হাসপাতালে অনুষ্ঠেয় এক অনুষ্ঠানের মধ্য দিয়ে এই অভিযান শুরু করা হবে ।

পদ্মবিল ব্লকে অঙ্গনওয়াড়ী কেন্দ্রের পরিকাঠামো উন্নয়ন

খোয়াই, ১ সেপ্টেম্বর ।। পদ্মবিল ব্লক এলাকার বিভিন্ন এ ডি সি ভিলেজে ১৬টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রে রান্নাঘর নির্মাণের কাজ চলছে । এম জি এন রেগায় প্রতিটি রান্নাঘর নির্মাণে ব্যয় হবে ১ লক্ষ ৩৬ হাজার ৬৪৮ টাকা । এছাড়া, এই কর্মসূচিতে পূর্ব বেলছড়া, উপেন্দ্রনগর এবং তুইহাইচিংবাড়ী এ ডি সি ভিলেজে ৩টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রের পাকা ঘর নির্মাণ কাজ চলছে। প্রতিটি ঘর নির্মাণে ব্যয় হবে ৬ লক্ষ ৬৩ হাজার ৪৮৫ টাকা । সংশ্লিষ্ট ব্লক কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে ।

দুর্গোৎসব শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করতে উদয়পুরে সভা অনুষ্ঠিত

উদয়পুর, ৩১ আগষ্ট ।। আসন্ন দুর্গোৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ উদয়পুর মহকুমা প্রশাসনের উদ্যোগে উদয়পুর টাউন হলে এক সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতিত্ব করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন সুব্রত দেব । সভায় অন্যান্যদের মধ্যে উদয়পুর মহকুমা শাসক শুভাশীষ বন্দোপাধ্যায়, মহকুমা পুলিশ আধিকারিক রাজেন্দ্র দত্ত, কিল্লা ব্লকের বি ডি ও সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক, বিভিন্ন ক্লাব, পূজা কমিটির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় আসন্ন দুর্গোৎসবকে শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল ভাবে সম্পন্ন করার লক্ষ্যে আইন শৃঙ্খলা রক্ষার বিষয়ে বিশদ আলোচনা হয় । সভায় প্রত্যেক পূজা আয়োজক কমিটিকে সরকারী বিধিনিষেধ মেনে পূজা আয়োজনের অনুরোধ জানান মহকুমা শাসক । প্রত্যেক পূজা কমিটিকে সংশ্লিষ্ট এলাকার পুলিশ কর্তৃপক্ষের কাছ থেকে পূজা করার জন্য আগাম অনুমতি নিতে হবে । আবেদন পত্রে স্বাক্ষর করবেন সংশ্লিষ্ট পুজোর উদ্যোক্তা বা ক্লাব প্রতিষ্ঠানের সভাপতি ও সম্পাদক । প্রত্যেক পূজা কমিটি কেবলমাত্র নির্দিষ্ট ক্লাব এলাকায় চাঁদা আদায় করতে পারবে । প্রতিটি চাঁদা আদায়ের রসিদ বই-এ সম্পাদক ও সভাপতি এবং আদায়কারীর নাম স্বাক্ষর করতে হবে । লোক চলাচলের রাস্তায় কোন পূজা প্যান্ডেল স্থাপন করা যাবে না । এছাড়া পূজা প্যান্ডেল যদি কোন ব্যক্তি বা সংস্থার জায়গায় করা হয় তবে উক্ত ব্যক্তি বা সংস্থার অনুমতি নিতে হবে । প্রতিটি চাঁদা আদায়ের রসিদ বইয়ে প্রতিটি পাতায় সংশ্লিষ্ট থানার বা ফাঁড়ি কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল অবশ্যই থাকতে হবে । সংশ্লিষ্ট থানা কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর করে একটি রেজিস্ট্রেশন নাম্বার দেবেন । এই রেজিস্ট্রেশন করার সময় সীমা ১৫ সেপ্টেম্বর ২০১৭ই পর্যন্ত । অফিস, আদালত, শিক্ষা প্রতিষ্ঠানে কোন ভাবেই চাঁদা সংগ্রহ করা চলবে না । বাজার, ব্যবসা কেন্দ্র, ব্যবসা প্রতিষ্ঠানে ও বাণিজ্যিক এলাকায় কেবলমাত্র সকাল ১১টা থেকে দুপুর ৩টার মধ্যে চাঁদা সংগ্রহ করা যাবে । চাঁদা সংগ্রহকারীর সংখ্যা ৩-এর অধিক হবে না । বাড়ীঘর বা বসতি এলাকায় সকাল ৭টা থেকে ১০টা ও বিকাল ৩টা থেকে সন্ধ্যা ৫টা পর্যন্ত চাঁদা আদায় করা যাবে । কোন অবস্থাতেই গৃহকর্তার অনুপস্থিতিতে চাঁদা আদায় করা যাবে না । কোথাও বাস, ট্রাক, জীপ বা যানবাহন থামিয়ে চাঁদা সংগ্রহ করা চলবে না । এ ব্যাপারে কেউ কোন অবরোধ সৃষ্টি করলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মাইক ব্যবহারে পুলিশ ও জেলা প্রশাসনের প্রচলিত নিয়ম বিধি লঙ্ঘন করলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। বিজয়া দশমীর দিনে প্রতিমা নিরঞ্জনের মিছিলে যোগদান করতে হলে স্ব-স্ব এলাকার থানা কর্তৃপক্ষের নিকট থেকে আগাম অনুমতি নিতে হবে। প্রতিমা বিসর্জন সন্ধ্যা ৬টার মধ্যে সম্পন্ন করতে হবে । এছাড়া প্রতিটি ক্লাবে পুরুষ ও মহিলা স্বেচ্ছাসেবক রাখতে হবে । গুরুত্বপূর্ণ টেলিফোন নাম্বার যেমন পুলিশ, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ দপ্তর ও ক্লাব সভাপতি ও সম্পাদকের ফোন নাম্বার প্রতিটি পূজা প্যান্ডেলে ডিসপ্লে করতে হবে ।